চুনারুঘাট পৌরসভা কার্যালয়
চুনারুঘাট, হবিগঞ্জ।

পৌরসভার প্রশাসকের কর্মসম্পাদনে সহায়তার জন্য গঠিত কমিটির সভার কার্যবিবরণী :

সভাপতি : গালিব চৌধুরী
প্রশাসক, চুনারুঘাট পৌরসভা
সভার তারিখ ও সময় : ২৩.০৫.২০২৬ খ্রিষ্টাব্দ, বেলা ১১.০০ টায়।
সভার স্থান : সভাকক্ষ, চুনারুঘাট পৌরসভা।
সভায় উপস্থিতি : পরিশিষ্ট 'ক' সন্নিবেশিত

সভাপতি উপস্থিত সকল সদস্য ও পৌরসভার কর্মকর্তা-কর্মচারীগনকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন। অত:পর সভপতির অনুমতিক্রমে পৌরসভার পৌর নির্বাহী কর্মকর্তার দায়িত্বপ্রাপ্ত, হিসাবরক্ষণ কর্মকর্তা জনাব মোহাম্মদ লিয়াকত আলী বিগত সভার কার্যবিবরণী সভায় পাঠ করে শুনান এবং কোন সংশোধনী না থাকায় তা সর্বসম্মতিক্রমে অনুমোদিত হয়। অতপর: সভায় আলোচ্যসূচী অনুযায়ী বিস্তারিত আলোচনান্তে নিম্নোক্ত সিদ্ধান্তসমূহ গৃহীত হয় :

ক্রঃ নং	আলোচ্য বিষয়	আলোচনা ও সিদ্ধান্ত	বাস্তবায়নে
০১	পৌরসভার বিভিন্ন কর ফি ইত্যাদি রাজস্ব আদায় সংক্রান্ত।	সভায় হিসাবরক্ষণ কর্মকর্তা বিগত মাসে পৌরসভার হোল্ডিং টেক্স, এবং নন টেক্স রেভেন্যু খাতে রাজস্ব আদায়ের তথ্য/ হিসাব বিবরনী উপস্থাপন করেন। উপস্থাপিত হিসাব বিবরণী সভায় পর্যলোচনা করা হয়। হিসাবরক্ষণ কর্মকর্তা সভাকে অবহিত করেন যে, অত্র পৌরসভায় চলমান IUGIP প্রকল্পটি Result Based Lending এবং DLI ভিত্তিক হওয়ায় প্রকল্পের আওতায় প্রনীত UGIAP এ বর্ণিত কার্যক্রম কার্যক্রম যথাযথভাবে বাস্তবায়নের বাধ্যবাধকতা রয়েছে। তন্মধ্যে হোল্ডিং টেক্স নূন্যতম ৮০% এবং নন টেক্স রাজস্ব দাবীর নূন্যতম ৯০% আদায় করতে হবে। পৌরসভার নিজস্ব রাজস্ব বাজেটের আওতায় Poverty Redution Action Plan (PRAP) খাতে ১% , Gender Equation and Social Inclusion Action Plan (GESIAP) খাতে ১% এবং O & M খাতে মোট রাজস্ব বাজেটের ২৫% অর্থ ব্যয় করতে হবে। অন্যথায় পৌরসভা প্রকল্প সহায়তা থেকে বাদ পড়তে পারে। নাগরিক সেবার এ সকল খাতের ব্যয় নির্বাহের জন্য পৌরসভার রাজস্ব আদায় বৃদ্ধি অব্যাহত রাখতে হবে। রাজস্ব বৃদ্ধির লক্ষ্যে অন্তর্বর্তী এসেসমেন্ট করে নতুন হোল্ডিং এর কর ধার্য ও আদায় করা প্রয়োজন এবং রাজস্ব বৃদ্ধির লক্ষ্যে আদায়ের নতুন নতুন উৎস বের করা প্রয়োজন। তিনি আরো জানান বকেয়াসহ হালসনের হোল্ডিং টেক্স, ট্রেড লাইসেন্স ফি ইত্যাদি আদায়ের জন্য অভিযান পরিচালনা হচ্ছে। সভাপতি জানান যে, IUGIP প্রকল্পটি চুনারুঘাট পৌরসভার জন্য খুবই গুরুত্বপূর্ন। প্রকল্প হতে বরাদ্দকৃত অর্থ দ্বারা পৌরসভার গুরুত্বপূর্ণ বড় বড় অবকাঠামো উন্নয়নের কাজ চলমান আছে এবং আরো কাজ করার সুযোগ রয়েছে। প্রকল্পের ২টি পার্ট রয়েছে, একটি গভার্ন্যান্স এবং অপরটি ইন্সফারস্ট্রাকচার। গভার্ন্যান্স এর আওতায় প্রনীত UGIAP এর ৯টি এরিয়ার ২৮টি কর্মতৎপরতা যথাযথভাবে বাস্তবায়ন করতে হবে, অন্যথায় ইনফ্রাস্ট্রাকচার উন্নয়নের জন্য বরাদ্ধ পাওয়ার ক্ষেত্রে জঠিলতা তৈরী হতে পারে। কাজেই প্রকল্পের শর্তাবলী পূরণসহ পৌরবাসীকে উন্নত নাগরিক সেবা প্রদানের জন্য পৌরসভার নিজস্ব রাজস্ব দাবী ও আদায় বৃদ্ধি অপরিহার্য । পৌরসভার হোল্ডিং নন-হোল্ডিং টেক্স/রাজস্ব আদায়ের হার আরো বৃদ্ধির জন্য সকলকেই আরো তৎপর হতে হবে। পৌরসভার পাওনা বিভিন্ন কর, ফি রেইটস্ ইত্যাদি আদায়ের জন্য জোরালো ব্যবস্থা গ্রহন করতে হবে এবং কমিটির সকলকেই আদায় কার্যক্রমে সার্বিক সহযোগিতা এবং নিয়মিত তদারকী করতে হবে। **সিদ্ধান্ত ১.১:** বকেয়াসহ হালসনের হোল্ডিং টেক্স, ট্রেড লাইসেন্স ফি, অযান্ত্রিক যানবাহনের লাইসেন্স ফি, ইমারত নির্মান ফি, ও অন্যান্য কর , ফি, রেইটস্ ইত্যাদি আদায়ের জন্য করদাতাদেরকে তাগাদাপত্র প্রদান, মাইকিং এবং টিম গঠন করে হোল্ডিং টেক্স ও নন	(ক) প্রশাসক (খ) পৌর নির্বাহী কর্মকর্তা/ হিসাব রক্ষণ কর্মকর্তা (গ) উপ সহকারী প্রকৌশলী (ঘ) কর আদায়কারী (ঙ) বিভিন্ন সনদপত্র প্রস্তুত কাজে দায়িত্বপ্রাপ্ত সংশ্লিষ্ট সহকারীগন।

		হোল্ডিং রাজস্ব আদায় কার্যক্রম পরিচালনা করতে হবে। অন্তর্বর্তীকালীন এসেসমেন্টের মাধ্যমে বাদপড়া ও নতুন নতুন হোল্ডিং এর কর ধার্য ও আদায় করতে হবে। তাছাড়া আদর্শ কর তফসিল ২০১৪ (সংশোধনী ২০১৭) এর আলোকে নতুন নতুন উৎস/খাত হতে কর/ফি আদায়ের ব্যবস্থা গ্রহন করতে হবে। **সিদ্ধান্ত** ১.২ : দীর্ঘদিন যাবৎ বকেয়া ট্রেড লাইসেন্স ফি আদায়ের জন্য মোবাইল কোর্ট পরিচালনাসহ প্রয়োজনীয় অন্যান্য পদক্ষেপ গ্রহন করা হবে।	
০২	উন্নয়নমূলক কর্মকান্ড সংক্রান্ত :	সভায় উপসহকারী প্রকৌশলী জনাব টিটন দাশ জানান যে, এডিপি, কোভিড-১৯, IUGIP প্রকল্পের আওতায় বাস্তবায়নাধীন উন্নয়ন প্রকল্পের কাজসমূহ চলমান আছে। কাজের প্রগ্রেস বৃদ্ধির লক্ষ্যে ঠিকাদারকে তাগাদা প্রদানসহ অন্যান্য কার্যক্রম গ্রহন করা হয়েছে। তিনি আরো জানান যে, পৌরসভার ৮ নং ওয়ার্ডের মধ্য আমকান্দি "রফিক মিয়ার বাড়ির সম্মুখ হতে শফিক মিয়ার বাড়ি পর্যন্ত ড্রেন না থাকায় বৃষ্টির পারি জমে জলাবদ্ধতা সৃষ্টি হয়েছে। জনগনের চলাচরের সুবিধার্থে MMT'র আওতায় জরুরী ভিত্তিতে পানি নিষ্কাশনের জন্য পিভিসি পাইপ স্থাপন করে পানি নিষ্কাশনের ব্যবস্থা করা একান্ত প্রয়োজন। সিদ্ধান্ত ২.১ : চলমান এডিপি, কোভিড-১৯, ও IUGIP প্রকল্পের আওতায় চলমান বিভিন্ন উন্নয়ন প্রকল্পের কাজ গুনগতমান অক্ষুন্ন রেখে দ্রুত সম্পন্ন করতে হবে। IUGIP প্রকল্পের আওতায় চলমান বিভিন্ন উন্নয়ন প্রকল্পের কাজের অগ্রগতি সন্তোষজনক পর্যায়ে আনার জন্য ঠিকাদারকে তাগাদা প্রদানসহ প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহন করতে হবে। সিদ্ধান্ত ২.২ : পৌরসভার ৮ নং ওয়ার্ডের মধ্য আমকান্দি রফিক মিয়ার বাড়ির সম্মুখ হতে শফিক মিয়ার বাড়ি পর্যন্ত রাস্তায় পিভিসি পাইপ স্থাপন করা হবে। উল্লেখিত কাজের ব্যয় পৌরসভার রাজস্ব তহবিলের MMT'খাত হতে পরিশোধ করা হবে।	(ক) প্রশাসক (খ) উপ সহকারী প্রকৌশলী (গ) সদস্য (সকল) সহায়ক কমিটি।
০৩	জলাবদ্ধতা নিরসন	সভাপতি জানান যে, সম্প্রতি টানা অতি/ভারী বৃষ্টিপাতের কারনে চুনারুঘাট পৌরসভার বিভিন্ন এলাকায় ব্যাপক জলাবদ্ধতা সৃষ্টি হয়েছে। জলাবদ্ধতা নিরসনের লক্ষ্যে পৌর এলাকার ড্রেন, নালা-নর্দমা, খাল জরুরী ভিত্তিতে পরিস্কার করা, পানি নিস্কাশনের পথে জমে থাকা মাটি, বালি, বর্জ্য, পলিথিন ইত্যাদি অপসারন এবং প্রয়োজনীয় স্থানে মাটি কেটে পানি নিস্কাশনের ব্যবস্থা গ্রহন করা অত্যন্ত জরুরী । পৌরসভার বর্তমানে কর্মরত ড্রেন ও বর্জ্য ব্যবস্থাপনা কর্মীগনকে শহরের দৈনন্দিন সৃষ্টি হওয়া বর্জ্য সংগ্রহ ও অপসারনের কাজ সম্পন্ন করতে হয় বিধায় তাদের দ্বারা স্বল্প সময়ে সমগ্র পৌর এলাকায় জলাবদ্ধতা নিরসনের লক্ষ্যে এ বিশেষ কার্যক্রম সম্পন্ন করা সম্ভবপর হবে না। জনস্বার্থে, জলাবদ্ধতা দ্রুত নিরসনের লক্ষ্যে নির্দিষ্ট সময়ের জন্য প্রয়োজনীয় সংখ্যক অতিরিক্ত দৈনিক ভিত্তিক শ্রমিক নিয়োগের মাধ্যমে বিশেষ পরিচ্ছন্নতা অভিযান পরিচালনা, ড্রেন, নালা নর্দমা পরিস্কার, জমে থাকা মাটি বর্জ্য অপসারন এবং প্রয়োজনীয় স্থানে মাটি কেটে পানি নিস্কাশনের ব্যবস্থা গ্রহন করার বিষয়ে সভায় সকলেই একমত পোষন করেন। **সিদ্ধান্ত** : জনস্বার্থে, জলাবদ্ধতা দ্রুত নিরসনের লক্ষ্যে পৌর এলাকার ড্রেন, নালা-নর্দমা, খাল জরুরী ভিত্তিতে পরিস্কার করা, পানি নিস্কাশন পথে জমে থাকা মাটি, বালি, বর্জ্য, পলিথিন ইত্যাদি অপসারন এবং প্রয়োজনীয় স্থানে মাটি কেটে পানি নিস্কাশনের ব্যবস্থা গ্রহনের জন্য ১৫ (পনেরো) দিনের জন্য, ভারী কাজ করতে সক্ষম দৈনিক হাজিরা ভিত্তিক ৩০ (ত্রিশ) জন অতিরিক্ত দক্ষ শ্রমিক নিয়োগের সিদ্ধান্ত গৃহীত এবং তাদেরকে জনপ্রতি দৈনিক ৭৫০/- (সাতশত পঞ্চাশ) টাকা হারে মুজুরী প্রদান করা হবে। উল্লেখিত কাজের ব্যয় পৌরসভার নিজস্ব রাজস্ব তহবিল হতে পরিশোধ করা হবে।	
০৪	ময়লা-আবর্জনা পরিস্কার পরিচ্ছন্নকরণ :	(ক) হিসবরক্ষণ কর্মকর্তা সভায় জানান যে, বর্তমানে মোট ৫৫ (পঞ্চান্ন) জন দৈনিক হাজিরা ভিত্তিক শ্রমিক কর্মরত রয়েছে। উল্লেখিত শ্রমকিগণ মাধ্যমে নিয়মিত শহরের রাস্তাঘাট, হাসপাতাল , সরকারি-বেসরকারি অফিস কমপ্লেক্স, বিভিন্ন শিক্ষা প্রতিষ্ঠান, ড্রেণ, নালা-নর্দমা, ও ডাস্টবিনের ময়লা আবর্জনা পরিস্কার পরিচ্ছন্ন /অপসারণ, এবং যানজট নিয়ন্ত্রনের জন্য ট্রাফিক সহায়তার কাজ যথাযথভাবে সম্পন্ন করা হচ্ছে। **সিদ্ধান্ত** ৪.১ : ড্রেন, রাস্তাঘাট, হাট বাজার, ডাস্টবিন ইত্যাদি নিয়মিত পরিস্কার পরিচ্ছন্নতার কাজ অব্যাহত রাখতে হবে। শহরের যে সকল এলাকার ডাস্টবিন নষ্ট হয়ে গেছে, সেখানে নতুন ডাস্টবিন পুন:স্থাপন করতে হবে। ময়লা আবর্জনার স্তুপে এবং ড্রেন, ডাস্টবিনের আশপাশে নিয়মিত ব্লিচিং পাউডার ছিটাতে হবে।	১। প্রশাসক, ২। পৌর নির্বাহী কর্মকর্তা/ হিসাবরক্ষন কর্মকর্তা।

CamScanner

০৫	ডেঙ্গুসহ মশাবাহিত অন্যান্য রোগ প্রতিরোধ :	সভায় ডেঙ্গুসহ মশাবাহিত বিভিন্ন রোগ প্রতিরোধে নিয়মিত মশক নিধন ঔষধ প্রয়োগের বিষয়ে আলোচনা হয়। হিসাবরক্ষণ কর্মকর্তা জানান যে, পৌর প্রশাসক মহোদয়ের সাথে পরামর্শক্রমে "ডেঙ্গুসহ মশাবাহিত অন্যান্য রোগ প্রতিরোধে জাতীয় নির্দেশিকা ২০২৫" অনুসরণ করে ২টি ফগার মেশিন ও ২টি স্প্রে মেশিন দিয়ে সমগ্র পৌর এলাকায় পালাক্রমে প্রতিদিন পূর্বাহ্নে লার্ভিসাইড ঔষধ এবং অপরাহ্নে এডাল্টিসাইট ঔষধ ছিটানো হচ্ছে। সিদ্ধান্ত ৪.১: "ডেঙ্গুসহ মশাবাহিত অন্যান্য রোগ প্রতিরোধে জাতীয় নির্দেশিকা ২০২৫" অনুসরণ করে নিয়মিত লার্ভিসাইড ও এডাল্টিসাইট ওষুধ ছিটানোর কার্যক্রম অব্যাহত রাখতে হবে এবং আগাছা, ময়লা আবর্জনা নিয়মিত পরিস্কার পরিচ্ছন্ন করতে হবে। ক্রয়কৃত মশক নিধন ঔষধের মজুদ শেষ হওয়ার আগেই লার্ভিসাইড ও এডাল্টিসাইট ওষুধ ক্রয়সহ যথোপযুক্ত কার্যক্রম গ্রহন করতে হবে। সিদ্ধান্ত ৪.২ : ঝোপ-জঙ্গল, কচু, লতাপাতা, আগাছা ইত্যাদি যাতে পুনরায় দ্রুত বিস্তার লাভ করতে না পারে এজন্য নিয়মিত আগাছানাশক কীটনাশক স্প্রে করা হবে।	১। প্রশাসক, ২। পৌর নির্বাহী কর্মকর্তা/ হিসাবরক্ষন কর্মকর্তা। ৩।উপ সহকারী প্রকৌশলী।
০৬	টিএলসিসি'র কমিটি পুন;গঠন :	সভাপতি জানান যে, পৌরসভার সার্বিক কার্যক্রমে স্বচ্ছতা, সকল কাজে জনসাধারনের সম্পৃক্ততা নিশ্চিত করার জন্য প্রতি ৩ মাস অন্তর শহর সমন্বয় কমিটি (টিএলসিসি)'র সভা আহবান করা হয়। বর্তমানে যে কমিটি রয়েছে, এর অধিকাংশ সদস্যই নিক্রিয় এবং সভায় উপস্থিত হয়ে পৌরসভার কার্যক্রমে অংশগ্রহনের ক্ষেত্রে আগ্রহী নন। শহর সমন্বয় কমিটির কার্যক্রমকে আরো গতিশীল করতে কমিটি পুনঃগঠন করা প্রয়োজন। সভায় এ বিষয়ে বিস্তারিত আলাপ আলোচনা করা হয় এবং জনস্বার্থে কমিটি পুনঃগঠনের বিষয়ে সকলেই একমত পোষন করেন। সিদ্দান্ত : নিম্নোক্তভাবে শহর সমন্বয় কমিটি (টিএলসিসি) পুনঃগঠন করা হলো :	১। প্রশাসক, ২। পৌর নির্বাহী কর্মকর্তা/ হিসাবরক্ষন কর্মকর্তা।

ক্র: নং	নাম	পদবী
	পৌর পরিষদ	
১.	প্রশাসক, চুনারুঘাট পৌরসভা	আহবায়ক
২.	উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা সদস্য, পৌর প্রশাসকের কর্মসম্পাদনে সহায়তার জন্য গঠিক সহায়ক কমিটি, চুনারুঘাট পৌরসভা।	সদস্য
৩.	অফিসার ইনচার্জ, চুনারুঘাট থানা, সদস্য, পৌর প্রশাসকের কর্মসম্পাদনে সহায়তার জন্য গঠিক সহায়ক কমিটি, চুনারুঘাট পৌরসভা।	সদস্য
৪.	উপজেলা প্রকৌশলী, এলজিইডি, চুনারুঘাট, সদস্য, পৌর প্রশাসকের কর্মসম্পাদনে সহায়তার জন্য গঠিক সহায়ক কমিটি, চুনারুঘাট পৌরসভা।	সদস্য
৫.	উপজেলা সমাজ সেবা কর্মকর্তা, চুনারুঘাট সদস্য, পৌর প্রশাসকের কর্মসম্পাদনে সহায়তার জন্য গঠিক সহায়ক কমিটি, চুনারুঘাট পৌরসভা।	সদস্য
৬.	উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা, চুনারুঘাট সদস্য, পৌর প্রশাসকের কর্মসম্পাদনে সহায়তার জন্য গঠিক সহায়ক কমিটি, চুনারুঘাট পৌরসভা।	সদস্য
৭.	উপজেলা প্রাথমিক শিক্ষা কর্মকর্তা, চুনারুঘাট সদস্য, পৌর প্রশাসকের কর্মসম্পাদনে সহায়তার জন্য গঠিক সহায়ক কমিটি, চুনারুঘাট পৌরসভা।	সদস্য
	সহযোগী প্রতিষ্ঠানের প্রতিনিধি :	
৮.	সহকারী কমিশনার (ভূমি), চুনারুঘাট, হবিগঞ্জ।	সদস্য
৯.	উপজেলা কৃষি কর্মকর্তা, চুনারুঘাট, হবিগঞ্জ।	সদস্য
১০.	সহকারী প্রকৌশলী, জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর, চুনারুঘাট, হবিগঞ্জ।	সদস্য

১১.	উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা চুনারুঘাট, হবিগঞ্জ	সদস্য	
১২.	উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা, চুনারুঘাট , হবিগঞ্জ।	সদস্য	
১৩.	উপজেলা সমবায় কর্মকর্তা, চুনারুঘাট , হবিগঞ্জ।	সদস্য	
১৪.	প্রতিনিধি টি এন্ড টি, চুনারুঘাট, হবিগঞ্জ।	সদস্য	
পেশাজীবি সমাজের প্রতিনিধি :			
১৫.	মোঃ মোজাম্মেল হক তালুকদার উপাধ্যক্ষ, সৈয়দ সঈদউদ্দিন ডিগ্রী কলেজ মাধবপুর	সদস্য	
১৬.	অ্যাডভোকেট মীর সিরাজ আলী (এপিপি) হাতুন্ডা, চুনারুঘাট, হবিগঞ্জ	সদস্য	
১৭.	সভাপতি, ব্যবসায়ী কল্যান সমিতি (ব্যাকস) চুনারুঘাট বাজার, চুনারুঘাট, হবিগঞ্জ	সদস্য	
১৮.	মোঃ শাহ নেওনাজ , সাহিত্য সংস্কৃতি পরিষদ, চুনারুঘাট	সদস্য	
১৯.	সভাপতি, প্রেসক্লাব, চুনারুঘাট , সদস্য, টিএলসিসি, চুনারুঘাট পৌরসভা।	সদস্য	
এনজিও প্রতিনিধি :			
২০.	ম্যানেজার, সৃষ্টি, চুনারুঘাট চুনারুঘাট পৌরসভা।	সদস্য	
২১.	ম্যানেজার , বীজ, চুনারুঘাট পৌরসভা।	সদস্য	
২২.	ম্যানেজার, ব্র্যাক, চুনারুঘাট পৌরসভা।	সদস্য	
২৩.	ম্যানেজার , টি এম এস এস, চুনারুঘাট পৌরসভা।	সদস্য	
নাগরিক সমাজের প্রতিনিধি :			
২৪.	মোঃ নাজিম উদ্দিন, (সাবেক মেয়র), বড়াইল, সদস্য, টিএলসিসি, চুনারুঘাট পৌরসভা।	সদস্য	
২৫.	মোঃ আঃ মান্নান রুমন, হাতুন্ডা, চুনারুঘাট সদস্য, টিএলসিসি, চুনারুঘাট পৌরসভা।	সদস্য	
২৬.	অধ্যক্ষ মোঃ ফজলুল হক তালুকদার (আবিদ) বাগবাড়ী, চুনারুঘাট পৌরসভা	সদস্য	
২৭.	সেলিনা আক্তার, বড়াইল, চুনারুঘাট পৌরসভা।	সদস্য	
২৮.	মো: আইয়ুব আলী মীর, বড়াইল, চুনারুঘাট পৌরসভা সদস্য, টিএলসিসি, চুনারুঘাট পৌরসভা।	সদস্য	
২৯.	মোঃ আরিফুর রহমান, চন্দনা, চুনারুঘাট সদস্য, টিএলসিসি, চুনারুঘাট পৌরসভা।	সদস্য	
৩০.	মোঃ আমিনুল ইসলাম, চন্দনা, চুনারুঘাট পৌরসভা	সদস্য	
৩১.	মো: কামরুল ইসলাম, উত্তর বাজার, চুনারুঘাট পৌরসভা	সদস্য	
৩২.	মীর সাহেব আলী, আমকান্দি, চুনারুঘাট পৌরসভা	সদস্য	
৩৩	মোঃ রুবেল মিয়া (ঠিকাদার) আমকান্দি, চুনারুঘাট পৌরসভা।	সদস্য	
৩৪.	রুনা আক্তার, চন্দনা, চুনারুঘাট পৌরসভা।	সদস্য	

		৩৫.	রেনু বেগম, বড়াইল, চুনারুঘাট পৌরসভা	সদস্য	
		৩৬.	মোঃ নুরুল ইসলাম (তোতা মিয়া) চুনারুঘাট পৌরসভা।	সদস্য	
		৩৭.	মোঃ আঃ সালাম, নয়ানী, চুনারুঘাট পৌরসভা	সদস্য	
		৩৮	মোঃ আব্দুল হামিদ (সাবেক কাউন্সিলর) আমকান্দি, চুনারুঘাট পৌরসভা।	সদস্য	
		৩৯	মমিনা বেগম , চন্দনা, চুনারুঘাট পৌরসভা	সদস্য	
		৪০.	মোঃ সিরাজুল হক, নয়ানী, চুনারুঘাট পৌরসভা।	সদস্য	
		৪১.	হেনা বেগম তালুকদার, চুনারুঘাট সদস্য, টিএলসিসি, চুনারুঘাট পৌরসভা।	সদস্য	
		৪২.	রুনা আক্তার, চন্দনা, চুনারুঘাট সদস্য, টিএলসিসি, চুনারুঘাট পৌরসভা।	সদস্য	
		৪৩.	মোছাঃ নার্গিস আক্তার , সভাপতি, দক্ষিণ হাতুন্ডা ও চন্দনা নিম্নআয় এলাকা উন্নয়ন কমিটি, চুনারুঘাট পৌরসভা।	সদস্য	
			দরিদ্র জনগোষ্ঠীর প্রতিনিধি :		
		৪৪.	শিপন বেগম, সভাপতি, মোমিনপুর গোগাউড়া নিম্ন আয় এলাকা উন্নয়ন কমিটি, চুনারুঘাট পৌরসভা।	সদস্য	
		৪৫.	দিপালী রানী দাস, সভাপতি, বড়াইল নিম্ন আয় এলাকা উন্নয়ন কমিটি চুনারুঘাট পৌরসভা।	সদস্য	
		৪৬.	মোছাঃ আকলিমা খাতুন, সভাপতি, উত্তর হাতুন্ডা নিম্ন আয় এলাকা উন্নয়ন কমিটি, চুনারুঘাট পৌরসভা।	সদস্য	
		৪৭.	তানিয়া ইসলাম, সভাপতি, পাকুরিয়া নিম্ন আয় এলাকা উন্নয়ন কমিটি, চুনারুঘাট পৌরসভা।	সদস্য	
		৪৮.	পলি আক্তার, সভাপতি, আমকান্দি নিম্ন আয় এলাকা উন্নয়ন কমিটি চুনারুঘাট পৌরসভা।	সদস্য	
			পৌরসভার সহায়ক কর্মকর্তা		
		৪৯.	নির্বাহী প্রকৌশলী/ সহকারি প্রকৌশলী, চুনারুঘাট পৌরসভা।	সদস্য	
		৫০.	প্রধান নির্বাহী কর্মকর্তা/ পৌর নির্বাহী কর্মকর্তা, চুনারুঘাট পৌরসভা , হবিগঞ্জ।	সদস্য সচিব	
০৭	পরিচ্ছন্ন কর্মীদের উৎসব ভাতা প্রদান :	অত্র পৌরসভায় দৈনিক হাজিরা ভিত্তিতে নিয়োজিত বর্জ্য ব্যবস্থাপনা, ড্রেন ব্যবস্থাপনা, ট্রাফিক সহায়ক কর্মীদের পবিত্র ঈদুল আযহা ২০২৬ উপলক্ষ্যে উৎসব ভাতা প্রদানের বিষয়ে সভায় আলাপ-আলোচনা করা হয়। পবিত্র ঈদুল আযহা পালনের জন্য মানবিক দিক বিবেচনায় তাদেরকে উৎসব ভাতা প্রদানের বিষয়ে সকলেই একমত পোষন করেন। সিদ্ধান্ত : অত্র পৌরসভায় কর্মরত দৈনিক হাজিরা ভিত্তিক সকল কর্মীদের পবিত্র ঈদুল আযহা ২০২৬ উপলক্ষ্যে জনপ্রতি ৩,০০০/- (তিন হাজার) টাকা করে উৎসব ভাতা প্রদানের সিদ্ধান্ত গৃহীত হয়।			১। প্রশাসক, ২। পৌর নির্বাহী কর্মকর্তা/ হিসাবরক্ষন কর্মকর্তা।
	পবিত্র ঈদুল আযহা- ২০২৬ উপলক্ষ্যে বরাদ্দকৃত ভিজিএফ কার্ডের খাদ্যশস্য বিতরণ :	সভায় পবিত্র ঈদুল আযহা ২০২৬ উপলক্ষ্যে ভিজিএফ কার্ডেও খাদ্য শস্য বিতরন বিষয়ে আলোচনা হয়। জেলা প্রশাসকের কার্যালয়, হবিগঞ্জ এর স্মারক নং : ৫১.০১.৩৬০০.০০০ .২০.০১১.২৫.২১৪ তারিখ : ০৪.০৫.২০২৬ খ্রিঃ মূলে পবিত্র ঈদুল আযহা-২০২৬ উপলক্ষ্যে দুঃস্থ/অতিদরিদ্র ব্যক্তি/পরিবারের মধ্যে বিতরণের জন্য চুনারুঘাট পৌরসভার অনুকূলে ৪,৬২৫টি কার্ডের বিপরীতে ৪৬.২৫০ মেঃ টঃ চাউল বরাদ্দ প্রদান করা হয়েছে। উক্ত খাদ্যশস্য বিতরনের জন্য পরিবহন ও আনুষাঙ্গিক খরচের জন্য সরকারি কোনো বরাদ্দ			

CS CamScanner

		পাওয়া যায় নাই। বিতরণ ব্যয়ের বিষয়ে সভায় আলোচনান্তে যেহেতু এ খাতে কোনো সরকারি বরাদ্ধ নাই তাই পৌর রাজস্ব তহবিলের অর্থে পরিবহন ও আনুষাংগিক ব্যয় নির্বাহের বিষয়ে সকলেই একমত পোষন করেন। সিদ্ধান্ত : খাদ্যশস্য গুদাম থেকে বিতরণ কেন্দ্রে পৌছানোর পরিবহন ব্যয়, গাড়িতে লোড-আনলোড, উপকারভোগীদের মধ্যে বিতরণ কাজে নিয়োজিত শ্রমিকদের মুজুরী ও এ সংক্রান্ত অন্যান্য ব্যয় পৌর রাজস্ব তহবিল হতে পরিশোধ করা হবে।	

সভায় আর কোনো আলোচ্য বিষয় না থাকায় সভাপতি সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তী ঘোষনা করেন।

G. Chowdhury 2/6/26

(গালিব চৌধুরী)
প্রশাসক
চুনারুঘাট পৌরসভা।

স্মারক নং :চুঃপৌঃ/প্রশাঃ/২০২৬/৬৩৬ তারিখ : ০১.০৬.২০২৬ খ্রি.।

<u>সদয় জ্ঞাতার্থে ও কার্যার্থে অনুলিপি প্রেরন করা হলো :</u>

১। সচিব, স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২। পরিচালক, স্থানীয় সরকার, বিভাগীয় কমিশনারের কার্যালয়, সিলেট।
৩। জেলা প্রশাসক, হবিগঞ্জ।
৪। উপপরিচালক, স্থানীয় সরকার , হবিগঞ্জ।
৫। উপজেলা নির্বাহী অফিসার, চুনারুঘাট, হবিগঞ্জ।
৬। সদস্য (সকল) পৌরসভার প্রশাসকের কর্মসম্পাদনে সহায়তার জন্য গঠিত কমিটি, চুনারুঘাট পৌরসভা।
৭। বিভাগ প্রধান (সকল) চুনারুঘাট পৌরসভা।
৮। শাখা প্রধান (সকল) চুনারুঘাট পৌরসভা, হবিগঞ্জ।
৯। জনাব ....
১০। অফিস নথি।

G. Chowdhury 2/6/26

গালিব চৌধুরী
প্রশাসক
চুনারুঘাট পৌরসভা।

CamScanner